



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

বাংলাদেশের
সুর্ণজয়ন্তী
Bangladesh



তারিখ: ১১.১২.২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তির (২য় রিলিজন্সিপ মেধা তালিকা) বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে আগামী ১২/১২/২০২১ তারিখ হতে ২য় রিলিজন্সিপ মেধা তালিকার ভর্তি কার্যক্রম শুরু হবে।

১। ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত ২য় রিলিজন্সিপ মেধা তালিকায় বিষয়ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা অনার্স ১ম বর্ষে ভর্তি হতে পারবে।

২। আবেদনের নিয়ম:

অনার্স ১ম বর্ষ কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website- এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে:
www.nu.ac.bd/admissions

৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১ : Online এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক Submit করে A4 সাইজের অফসেট কাগজে এর ০২ কপি প্রিন্ট আউট নিতে হবে। উল্লেখ্য যে, ২য় রিলিজন্সিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

ধাপ-২ : ধাপ-১ এর প্রিন্ট কপির ০১ কপির নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর দিবে, ফরমের উপর ও নীচ উভয় অংশে রকেট (Biller ID : 3570, Biller Name: M.C.College Sylhet_Hons 1st year) এ টাকা জমাদানের রকেট ট্রানজেকশন নম্বর ও প্রার্থীর নিজের সচল মোবাইল নম্বর লিখতে হবে। উল্লেখ্য যে, Bill Number হবে শিক্ষার্থীর ভর্তির রোল নম্বর।

ধাপ-৩ : ধাপ-২ সম্পন্ন করার পর নিম্নোক্ত কাগজসমূহ স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে একটি নির্দিষ্ট খামে সংরক্ষণ করতে হবে।

কাগজসমূহ:(ক) ধাপ-২ এর প্রিন্ট কপি (রকেট ট্রানজেকশন নম্বর, স্বাক্ষর ও মোবাইল নম্বর উল্লেখসহ)।

(খ) এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র।

(গ)এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (সত্যায়িত বিহীন)

(ঘ) প্রাথমিক অনলাইন আবেদনের সময় যে ছবি দেওয়া হয়েছিল তার পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (সত্যায়িত বিহীন এবং ছবির পিছনে নাম, বিভাগ ও ভর্তি রোল নম্বর উল্লেখ থাকতে হবে।)

ধাপ-৪ : ধাপ-৩ এ প্রস্তুতকৃত খামটির উপরে নাম, বিভাগ, ভর্তি রোল নং, মোবাইল নম্বর এবং ঠিকানা লিখে নিম্নোক্ত তারিখ সমূহে স্ব স্ব বিভাগে কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে (No Mask No Entry) জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

স্ব স্ব বিভাগে খাম জমা দেওয়ার তারিখ : ১২.১২.২০২১ থেকে ২০.১২.২০২১ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)

বি:দ্র:


১। ভর্তি ফি জমা দেয়ার সময়সূচি (শুধু ২য় রিলিজন্সিপ মেধা তালিকার জন্য) : ১২.১২.২০২১ দুপুর ১২.০০ টা থেকে ২০.১২.২০২১ দুপুর ১.০০ টা পর্যন্ত (উল্লেখ্য যে, ফিস এবং কাগজ জমা দেওয়ার সময়সীমা অনুসরণ না করলে যদি ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয় তবে বিভাগ ও কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।)

২। ২য় রিলিজন্সিপ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে। ভর্তি বাতিল করলে ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় তা পুনঃবহাল করার কোন সুযোগ থাকবে না।

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির বিষয়ভিত্তিক ফি

অনার্স বিষয়	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও সেশন ফি		সেমিনার ফি	মোট প্রদেয়	
	মুসলিম	অন্যান্য ধর্মাবলী		মুসলিম	অন্যান্য ধর্মাবলী
পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, গণিত	৩০৫৫/-	৩০৬০/-	২২০০/-	৫২৫৫/-	৫২৬০/-

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের শেষ তারিখ: ২০.১২.২০২১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত
 রকেট এর মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ: ২০.১২.২০২১ তারিখ দুপুর -১.০০ টা পর্যন্ত
 স্ব স্ব বিভাগে কাগজ সম্বলিত খাম দাখিলের শেষ তারিখ: ২০.১২.২০২১ তারিখ দুপুর-০২.০০ টা পর্যন্ত
Rocket Biller ID : 3570, Biller Name: M.C.College Sylhet_Hons 1st year


 অধ্যক্ষ ১২/১২/২০২১
 মুরারিচাঁদ কলেজ, সিলেট
